

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিসি অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২২ মে, ২০১৭

নং ৩৫.০০.০০০০.০১৩.১১.০০১.১৫-১২৮—মোটরযান বিধিমালা, ১৯৮৪ এর বিধি ৮(২) প্রভিসো-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার গাড়ি চালকদের হেভী ড্রাইভিং লাইসেন্স প্রদানের যোগ্যতা শিথিল করে শুধুমাত্র বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর প্রয়োজনীয় সংখ্যক হেভী গাড়ি চালক এর শূন্য পদ নিম্নোক্ত শর্তসাপেক্ষে পূরণের জন্য অনুমতি প্রদান করল:

শর্তসমূহ:

১. আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং গাড়ি চালনায় কমপক্ষে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
 ২. আবেদনকারী প্রাথমিকভাবে নির্বাচিত হওয়ার পর তাঁকে বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর থেকে ভারী যান চালনার উপর কমপক্ষে ১৫(পনের) দিনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
 ৩. বিধি মোতাবেক হেভী ড্রাইভিং লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে;
 ৪. এ প্রক্রিয়ায় বিআরটিসি'তে যারা নিয়োগ পাবেন তাঁদেরকে বাধ্যতামূলকভাবে বিআরটিসিতে ১০(দশ) বছর চাকরি করতে হবে; এবং
 ৫. এটি ভবিষ্যতে নজির হিসেবে প্রদর্শন করা যাবে না।
- ২। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন ০১ জুন, ২০১৭ হতে ৩১ মে, ২০১৮ পর্যন্ত কার্যকর থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ এহছানে এলাহী
যুগ্মসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(৬০২৫)

মূল্য : টাকা ৪.০০